

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-২(মাঠ প্রশাসন)
www.minland.gov.bd

স্মারক নম্বর:- ৩১.০০.০০০০.০৪৬.০৬.০৪৮.১২.৮৪৯

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৪/১৩ ডিসেম্বর ২০১৭।

বিষয়: জেলা রাজস্ব সভায় ই-নামজারি কার্যক্রম আলোচ্য বিষয় হিসেবে অন্তর্ভুক্তকরণ।

- সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগের ২৯ জুন ২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১৭.১৩.১৯ নম্বর প্রজ্ঞাপন।
২। মন্ত্রিপরিষদ বিভাগের ৮ মার্চ ২০১৬ তারিখের ভূমি তথ্য ও সেবা ফ্রেমওয়ার্কসংক্রান্ত কমিটির ৭ম সভার কার্যবিবরণী।
৩। মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ এপ্রিল ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.০০১.০১৭.১৩.১৪৯ নম্বর প্রজ্ঞাপন।
৪। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৭ আগস্ট ২০১৭ তারিখের ০৩.৮০৬.০০৩.০০.০০.০২৬.২০১৬-২২০৯ নম্বর স্মারক পত্র।
৫। মন্ত্রিপরিষদ বিভাগের ২৭ আগস্ট ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৯৯.০০১.১৬.২৫৫ নম্বর প্রজ্ঞাপন।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে সূত্রোক্ত ১ ও ৩ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে ভূমি তথ্য ও সেবা কাঠামো (Land Information and Service Framework) সম্পর্কিত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপন অনুসরণ করে ভূমি মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে ভূমি সংস্কার বোর্ড ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম কর্তৃক ই-মিউটেশন ১০৯ টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। ৪ নম্বর স্মারকে আগামী ২০১৮ সালের জুন মাসের মধ্যে সকল উপজেলায় ই-নামজারি বাস্তবায়নের নির্দেশনা রয়েছে।

২। ভূমি ব্যবস্থাপনায় নামজারি সেবা একটি গুরুত্বপূর্ণ জনবান্ধব সেবা। ই-মিউটেশন প্রক্রিয়ায় সেবা প্রত্যাশীগণ ঘরে বসেই অথবা নিকটস্থ ডিজিটাল সেন্টারে গিয়ে নামজারির জন্য আবেদন করতে পারেন এবং কম সময়ে, কম খরচে ও ভোগান্তিবিহীনভাবে উক্ত সেবা গ্রহণ করতে পারেন। যে সকল উপজেলায় ই-মিউটেশন চালু হয়েছে সেখানে এই প্রক্রিয়ায় সেবা গ্রহণের জন্য জনগণের মধ্যে উৎসাহব্যঞ্জক সাড়া লক্ষ্য করা গেছে এবং পত্র-পত্রিকাসমূহেও এই সেবা ইতিবাচকভাবে তুলে ধরা হয়েছে।

৩। সকল উপজেলায় ই-মিউটেশন বাস্তবায়ন করা গেলে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে তা যুগান্তকারী পদক্ষেপ বলে বিবেচিত হবে। উল্লিখিত কার্যক্রম সূচাব্যবস্থায় বাস্তবায়নের জন্য ভূমি সংস্কার বোর্ড, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণের নিবিড় তদারকি ও পরিবীক্ষণের প্রয়োজন হবে।

৪। এমতাবস্থায়, তাঁর দপ্তরের মাসিক রাজস্ব সভায় ই-নামজারি কার্যক্রম আলোচ্যসূচিভুক্ত করে অগ্রগতি পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ১৮(আঠার) ফর্দ।


মোঃ মনিরুজ্জামান মিল্লা
উপসচিব
ফোন-৯৫৪০১৭২

১। বিভাগীয় কমিশনার,.....(সকল)।


২। জেলা প্রশাসক,.....(সকল)।

স্মারক নম্বর:- ৩১.০০.০০০০.০৪৬.০৬.০৪৮.১২.৮৪৯/৭২(০৬)

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৪/১৩ ডিসেম্বর ২০১৭।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
০২। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
০৩। মাননীয় মন্ত্রী/মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
০৫। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়(ওয়েবসাইটে আপলোডকরণের অনুরোধসহ)।


মোঃ মনিরুজ্জামান মিল্লা
উপসচিব
ফোন-৯৫৪০১৭২

